# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল ও পরিবেশ বিষয় কোড: ১ ১ ০

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** ভূগোল শিক্ষক জালার উদ্দীন ভূগোল ও পরিবেশ বিষয়ক ক্লাসে ছাত্রদের উদ্দেশ্যে বললেন, পৃথিবী প্রতিনিয়ত পরিবর্তিত হচ্ছে। এ কারণে ভূগোলের গুরুত্ব দিন দিন বৃদ্ধি পাচ্ছে। আবার মানবীয় ও প্রাকৃতিক উভয় পরিবেশই ভূগোলের বিষয়বস্তু হওয়ায় বর্তমান সময়ে ভূগোলের গুরুত্ব যথেষ্ট বৃদ্ধি পেয়েছে।


ক. Social Geography শব্দের অর্থ কী? ১

খ. জীব ভূগোল কাকে বলে? বুঝিয়ে লিখ। ২

গ. শ্রেণিকক্ষের আলোচনা থেকে কোন বিষয় সম্বন্ধে ধারণা লাভ করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. মানবীয় পরিবেশ মাননীয় ভূগোলকে সমৃদ্ধ করেছে– উক্তিটির যথার্থতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**২.▶**




ক. সূর্যের নিকটতম নক্ষত্রের নাম কী? ১

খ. কৃত্রিম উপগ্রহ বলতে কী বুঝ? ২

গ. চিত্রে পূর্ব-পশ্চিমে অংকিত রেখাগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. চিত্রে উত্তর-দক্ষিণে অংকিত রেখাগুলোর গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৩.▶ রাজশাহী বালিয়া পুকুর জামে মসজিদের ইমাম মৌঃ মোঃ হাবিবুর রহমান ৪০ জন হজ্জ যাত্রীকে নিয়ে হজব্রত পালনের উদ্দেশ্যে সৌদি আরব গেলেন। সৌদির দ্রাঘিমা ৪৫° পূর্ব। ইমাম সাহেব মসজিদের সভাপতি সাহেবকে ফোন করে জানালো এবারে সৌদিতে প্রচন্ড গরম। সভাপতি ইমাম সাহেবকে জানালেন রাজশাহীতে গরম স্বাভাবিক। এখানে স্থানীয় সময় দুপুর ২টা। রাজশাহীতে দ্রাঘ্রিমা ৯০° পূর্ব।


ক. স্থানীয় সময় কী? ১

খ. GIS এর পূর্ণরূপ লিখ। ২

গ. রাজশাহীর স্থানীয় সময় যখন ২ টা (দুপুর) তখন সৌদির স্থানীয় সময় কত? ৩

ঘ. উল্লিখিত স্থান দুটির মধ্যে সময়ের ব্যবধান হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৪.▶





ক. সুনামি শব্দের ইংরেজি বানান লিখ। ১

খ. ভূত্বক কী? ব্যাখ্যা কর। ২

গ. 'A' চিহ্নিত স্তরের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'B' ও 'C' স্তরের গঠন বৈশিষ্ট্যে ভিন্নতা আছে কী? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫.▶




ক. বায়ুমন্ডল কী? ১

খ. ফেরেলের সূত্রটি লিখ। ২

Teachingbd24.com

গ. Q স্তরটির বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
ঘ. 'R' এবং 'S' স্তরের মধ্যে কোনটি আমাদের জন্য গুরুত্বপূর্ণ তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৬.▶ আব্দুল্লাহ তার বাবার সাথে কক্সবাজার সমুদ্র সৈকত বেড়াতে যায়। সেখানে সকাল বেলায় দেখতে পায়। সমুদ্রের পানি স্ফীত হয়ে উপরের উঠে এসেছে কিন্তু সন্ধ্যায় আবার নেমে গেছে।

ক. পৃথিবী গভীরতম খাতের নাম কী? ১
খ. মহাসাগর কয়টি? নাম লিখ। ২
গ. উদ্দীপকে উল্লেখিত পানির এরূপ আচরণের কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত পানির ঐরূপ আচরণ উপকূলীয় অঞ্চলে কীরূপ প্রভাব ফেলে বিশ্লেষণ কর। ৪

৭.▶ সম্প্রতি প্রতিবেশী দেশ মিয়ানমারে বৌদ্ধ সম্প্রদায়ের ও সংখ্যালঘু রোহিঙ্গা মুসলমানদের মধ্যে জাতিগত দাঙ্গা দেখো দেয়। ফলে নিজেদের জীবর রক্ষার্থে রোহিঙ্গা মুসলমানরা কক্সবাজার আশ্রয় নেয়।

ক. জনসংখ্যার ঘনত্ব বলতে কী বুঝ? ১
খ. অভীবাসন কী? ব্যাখ্যা কর। ২
গ. কক্সবাজারে রোহিঙ্গাদের আশ্রয় গ্রহণ কোন ধরনের অভিগমন? ব্যাখ্যা কর। ৩
ঘ. রোহিঙ্গাদের অভিগমন ঐ অঞ্চলে সার্বিক পরিবেশের উপর কীরূপ প্রভাব ফেলবে? বিশ্লেষণ কর। ৪

৮.▶ আমেনা গ্রামে বাস করে। তাদের গ্রামে দুটি বাসগৃহের মধ্যে যথেষ্ট ব্যবধান, সামাজিক ও অর্থনৈতিক বিচ্ছিন্নতা বিদ্যমান। আমেনা S.S.C পাস করে শহরে কলেজে ভর্তি হয়। সে লক্ষ করে শহরটিতে অধিক লোকসংখ্যার কারণে অপরিকল্পিতভাবে প্রচুর ঘরবাড়ি গড়ে উঠেছে এবং খোলা জায়গায় ময়লা আর্বজনা পড়ে আছে।

ক. গ্রামীণ বতসি কাকে বলে? ১
খ. নগরায়ন কী? ব্যাখ্যা কর। ২
গ. আমেনার গ্রামে কোন ধরনের বসতি গড়ে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. আমেনার দেখা শহরটিতে পরিবেশগত কী কী সমস্যা দেখা দিবে? বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৯.▶আবির ও কবির দুই বন্ধু। আবির বেড়িবাঁধ এলাকায় ৮০টি বিদেশে গরু নিয়ে একটি দুগ্ধ খামার তৈরি করেছে।। অপরদিকে কবির আশুলিয়ায় একটি পোশাক শিল্পকারখানা তৈরি করে, যার পোশাকের বিদেশে প্রচুর চাহিদা রয়েছে।

ক. অর্থনৈতিক কার্যাবলি কত প্রকার? ১

খ. বাণিজ্যক ভারসাম্যতা বলতে কী বোঝায়? ২

গ. আবিরের খামারটি কোন ধরনের কর্মকান্ডের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. কবিরের শিল্পটি বাংলাদেশের অর্থনৈতিক উন্নতিতে কিরূপ ভুমিকা পালন করে– উত্তরের স্বপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

১০.▶ ঢাকা-আরিচা নগরবাড়ি হয়ে পাবনা, রাজশাহী, বগুড়া, রংপুর, দিনাজপুর ও তেঁতুলিয়া।

ঢাকা-কুমিল্লা, নোয়াখালী, ফেনী, চট্রগ্রাম, রাঙ্গামাটি, বান্দরবন, খাগড়াছড়ি, কক্সাবাজার।

ক. ব্রডগেজ রেলপথের প্রস্থ কত? ১

খ. ডুয়েল গেজ রেলপথ কত কিলোমিটার? ২

গ. বাংলাদেশের মানচিত্র অঙ্কন করে বিমানবন্দর চিহ্নিত কর। ৩

ঘ. উদ্দীপকে বাংলাদেশের যে ধরনের পরিবহনের ব্যবস্থার উল্লেখ করা হয়েছে তা বিশ্লেষণ কর। ৪

১১.▶

| সাল | আক্রান্ত জেলার সংখ্যা |
|---|---|
| ২০১৭ | ৪৬ |
| ২০১৬ | ৩৯ |
| ২০১৫ | ৩৬ |
| ২০১৪ | ৩৬ |
| ২০১৩ | ০৯ |

ক. দুর্যোগ কাকে বলে? ১

খ. নদীভাঙন এর কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লেখিত সারণি থেকে দুর্যোগের ভয়াবহতা স্তম্ভ লেখচিত্রে দেখাও। ৩

ঘ. বন্ধুরা মিলে উদ্দীপকের উল্লেখিত দুর্যোগ কবলিত এলাকায় সাহায্য নিয়ে যাওয়ার জন্য একটি পরিকল্পনা করো। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড: ১ ১ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. কোনটি ভূগোল বিষয়ের অন্তর্ভুক্ত?
ক) ভূমিরূপ বিদ্যা খ) সমুদ্র বিদ্যা
গ) অর্থনীতি ঘ) সবকটি

২. জ্বলন্ত গ্যাসপিণ্ড কী?
ক) কৃষ্ণবামন খ) নক্ষত্র
গ) গ্রহ ঘ) উল্কা

৩. আকৃতিতে নক্ষত্রদলকে কী বলে?
ক) নক্ষত্র খ) জ্যোতিষ্ক
গ) নক্ষত্র মণ্ডল ঘ) গ্রহাণুপুঞ্জ

৪. সূর্যের রং কী?
ক) হলুদ খ) কমলা
গ) লাল ঘ) সাদা

৫. ১৮০ ডিগ্রি দ্রাঘিমা সময়ের পার্থক্য কত?
ক) ৬ ঘণ্টা খ) ১ ঘণ্টা
গ) ৪ মিনিট ঘ) ২ ঘণ্টা

৬. দৈনিক মুখ্য জোয়ার কিসের জন্য ঘটে?
ক) বার্ষিক গতি
খ) আহ্নিক গতি
গ) অপসূর
ঘ) অনুসূর

৭. মঙ্গল গ্রহে রয়েছে —
i. অক্সিজেন ও পানি
ii. কার্বন ডাইঅক্সাইড
iii. নাইট্রোজেন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. নিচের কোনটি প্রতিভূ অনুপাতের ইংরেজি সংক্ষিপ্ত রূপ?
ক) RF খ) GPS
গ) GS ঘ) GIS

৯. সাধারণত মানচিত্রকে কয়ভাগে ভাগ করা হয়?
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

১০. প্রতি মিনিট দ্রাঘিমা ঘুরে আসতে পৃথিবীর সময় লাগে কত মিনিট?
ক) ১ মি. খ) ৫ মি.
গ) ৪০ মি. ঘ) ৪ মিনিট

১১. ভূপৃষ্ঠের বিভিন্ন জায়গায় মৃত্তিকার ভিন্নতার কারণ —
i. শিলার গঠন ii. শিলার ধর্ম
iii. শিলার বর্ণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. ২০১১ সালে বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার কত ছিল?
ক) ২.৩১% খ) ২.১৭%
গ) ১.৪৮% ঘ) ১.৩৭%

১৩. কোথায় দিনে প্রচণ্ড গরম ও রাতে প্রচণ্ড ঠান্ডা?
ক) সমুদ্র উপকূলে খ) বনাঞ্চলে
গ) মরুভূমি ঘ) পাহাড়ে

১৪. বর্তমান শতকের শেষে অতিরিক্ত কত সেলসিয়াস তাপমাত্রা যুক্ত হতে পারে?
ক) ১.৫—৪.৫ ডিগ্রী খ) ২.০—৫.০ ডিগ্রী
গ) ২.৫—৫.৫ ডিগ্রী ঘ) ৩.০—৬.০ ডিগ্রী

Teachingbd24.com

১৫. MTT কোন দেশের প্রতিষ্ঠান?
ক) যুক্তরাষ্ট্রের   খ) কানাডার
গ) যুক্তরাজ্যের   ঘ) ডেনমার্কের

১৬. দক্ষিণ মহাসাগরের আয়তন কত বর্গ কিমি?
ক) ১ কোটি ৪৭ লক্ষ
খ) ১ কোটি ৫০ লক্ষ
গ) ২ কোটি ৪৭ লক্ষ
ঘ) ২ কোটি ৫০ লক্ষ

১৭. সমুদ্রের তলদেশের ভূমিরূপ কিরূপ?
ক) সমান   খ) অসমান
গ) গোলাকার   ঘ) ত্রিভুজাকার

১৮. সমুদ্রের কোথায় পানির ঘনত্ব বেশি?
ক) মোহনায়   খ) উপকূলে
গ) সমুদ্রের মাঝে
ঘ) যেখানে লবণাক্ততা বেশি

১৯. কিসের দ্বারা মগ্নচূড়ার সৃষ্টি হয়?
i. নুড়ি
ii. কাকর
iii. বালি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

২০. পৃথিবীর অর্ধেক জনসংখ্যা বসবাস করে স্থলভাগের কত অংশে?
ক) ৫%   খ) ৫০%
গ) ০.৫%   ঘ) ১৫%

২১. বসতি স্থাপনের ফলে কী কমে যাচ্ছে?
ক) বনভূমি   খ) আবাসভূমি
গ) উন্মুক্ত স্থান   ঘ) সম্পদ

২২. আর্দ্র অঞ্চলে বসতি কিসের উপর নির্ভর করে গড়ে ওঠে?
ক) যোগাযোগ   খ) পানীয় জল
গ) বনভূমি   ঘ) চাষাবাদ

২৩. বিভিন্ন বসতিগুলো কী ধরণের ভূ-প্রকৃতিতে দেখা যায়?
ক) সমতল   খ) বন্ধুর
গ) নাতিশীতোষ্ণ   ঘ) উর্বর

২৪. রাজনৈতিক ও সমাজিক সংগঠন কোথায় বেশি সক্রিয়?
ক) বন্দরে   খ) নগরে
গ) গ্রামে   ঘ) শহরে

২৫. চট্টগ্রাম শহর কোন নদীর তীরে গড়ে উঠেছে?
ক) নাফ   খ) মেঘনা
গ) রূপসা   ঘ) কর্ণফুলী

২৬. ২য় পর্যায়ের অর্থনৈতিক কাজ কোনটি?
ক) কৃষি কাজ   খ) শিক্ষা
গ) চিকিৎসা   ঘ) যন্ত্রপাতি প্রস্তুতকরণ

২৭. কোনটি মাঝারি শিল্পের উদাহরণ?
ক) জাহাজ শিল্প   খ) চামড়া শিল্প
গ) তাঁত শিল্প   ঘ) বস্ত্র শিল্প

২৮. ধলেশ্বরীর শাখা নদী কোনটি?
ক) বুড়িগঙ্গা
খ) আত্রাই
গ) তিস্তা
ঘ) হালদা

২৯. তারা মসজিদ কোথায়?
ক) ঢাকা
খ) পটুয়াখালী
গ) নোয়াখালী
ঘ) গাজীপুর

৩০. বাংলাদেশের অর্থকরী ফসল নয় কোনটি?
ক) যব
খ) আখ
গ) তামাক
ঘ) রবার

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ক | ৮ | ক | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | গ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | ক |

https://teachingbd24.com